# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট

(রাজস্ব শাখা)

www.bagerhat.gov.bd

স্মারক নম্বর:- ০৫.৪৪.০১০০.০১৪.১১.০০৭.২১-৪৫৮ তারিখ : ০২.০৫.২০২১খ্রি.

# নিয়োগ বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়ের, মাঠ প্রশাসন-১ এর ১৬ ফেব্রুয়ারি ২০২১ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.০০৪.১৯.৯৫ নম্বর স্মারকের ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে এবং বিভাগীয় বাছাই কমিটি, খুলনা গত ০৬.০৪.২০২১ খ্রি. তারিখের ০৫.৪৪.০০০০.০১২.৩৬.০৮৮.১৯-৬৩ নম্বর স্মারক মূলে জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাটের রাজস্ব প্রশাসনাধীন নিম্নবর্ণিত শূন্য পদসমূহে (জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৬ গ্রেডভুক্ত) সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের মাধ্যমে পূরণের লক্ষ্যে বাগেরহাট জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত এক পাতার নির্ধারিত আবেদন ফরমে স্বহস্তে পূরণকৃত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | বেতন স্কেল (১৬ গ্রেড) জাতীয় বেতন স্কেল, ২০১৫ | পদের সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | টাকা ৯৩০০-২২৪৯০/- | ০৮ (আট) | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে এইচএসসি বা উহার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে Word Processing/Data Entry ও typing সর্বনিম্ন গতি প্রতি মিনিটে কম্পিউটার লিখনে বাংলা ২০ ও ইংরেজিতে ৩০ শব্দের গতি থাকতে হবে। |
| ০২ | নাজির-কাম-ক্যাশিয়ার | টাকা ৯৩০০-২২৪৯০/- | ০৫ (পাঁচ) | কোন স্বীকৃত বোর্ড হতে এইচএসসি বা উহার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কম্পিউটার চালনায় অভিজ্ঞ। |
| ০৩ | সার্টিফিকেট পেশকার | টাকা ৯৩০০-২২৪৯০ | ০৪ (চার) | কোন স্বীকৃত বোর্ড হতে এইচএসসি বা উহার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কম্পিউটার চালনায় অভিজ্ঞ। |
| ০৪ | সার্টিফিকেট সহকারী | টাকা ৯৩০০-২২৪৯০ | ০৬ (ছয়) | কোন স্বীকৃত বোর্ড হতে এইচএসসি বা উহার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কম্পিউটার চালনায় অভিজ্ঞ। |
| ০৫ | ক্রেডিট চেকিং-কাম-সায়রাত সহকারী | টাকা ৯৩০০-২২৪৯০/- | ০৯ (নয়) | কোন স্বীকৃত বোর্ড হতে এইচএসসি বা উহার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কম্পিউটার চালনায় অভিজ্ঞ। |

আবেদনের শর্তাবলী

০১। প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের স্থায়ী নাগরিক ও বাগেরহাট জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। প্রার্থীকে নির্ধারিত ফরমে স্ব-হস্তে পূরণকৃত আবেদন করতে হবে।

০৩। সরকার কর্তৃক চাকুরির নির্ধারিত আবেদন ফরম সভাপতি, বিভাগীয় বাছাই কমিটি, খুলনা ও বিভাগীয় কমিশনার, খুলনাকে সম্বোধন করে আগামী ১৫.০৬.২০২১ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালে জেলা প্রশাসক, বাগেরহাট-এর কার্যালয়ে ডাকযোগে পৌঁছাতে হবে। সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদন গ্রহণযোগ্য নয়। খামের উপর মোটা অক্ষরে পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে) এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে। নির্ধারিত আবেদন ফরমটি বাগেরহাট জেলার ওয়েবসাইটে www.bagerhat.gov.bd জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাটের রাজস্ব শাখায় এবং www.forms.gov.bd ওয়েবসাইট হতে সংগ্রহ করা যাবে।

০৪। নির্ধারিত আবেদন ফরমের নির্দেশনা ও চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।

০৫। প্রার্থীর বয়সসীমা ০১.০৫.২০২১ খ্রি. তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধদের সন্তান এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৬। আবেদনপত্রের সহিত নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।

ক) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩ (তিন) কপি ৫×৫ সে.মি. আকারের রঙ্গিন ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে এবং ০২ (দুই) কপি স্ট্যাম্প সাইজের রঙ্গিন ছবি দাখিল করতে হবে। সত্যায়ন কর্মকর্তার নাম, পদবিযুক্ত স্পষ্ট সীল থাকতে হবে।

খ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

গ) শিক্ষাগত যোগ্যতা ও সকল অভিজ্ঞতার সনদপত্রের ফটোকপি (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক নামযুক্ত সীল দ্বারা সত্যায়িত)।

ঘ) প্রার্থী শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার পোষ্য হলে মুক্তিযোদ্ধা কোটায় আবেদিত চাকুরি প্রার্থীদেরকে নির্ধারিত ফরমের সাথে নিম্নবর্ণিত ছকে উল্লিখিত তথ্যাদি পূরণপূর্বক সনদের সত্যায়িত কপি আবেদন ফরমের সাথে দাখিল করতে হবে।

| প্রার্থীর নাম | মুক্তিযোদ্ধার নাম | মুক্তিযোদ্ধার পিতার নাম | মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা | মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র, জন্ম তারিখ, জন্ম সনদ | মুক্তিযোদ্ধার সনদ নম্বর, মুক্তিবার্তা নম্বর ও তারিখ | গেজেট নম্বর ও তারিখ | মন্ত্রণালয়ের সনদ নম্বর তারিখ ও স্মারক নম্বর | বামুস সনদ নম্বর ও তারিখ | মুক্তিযোদ্ধার নাতি-নাতনী দাবি করার ক্ষেত্রে প্রার্থীর জাতীয় পরিচয়পত্র, পিতা-মাতার জাতীয় পরিচয় পত্র | মুক্তিযোদ্ধার উত্তরাধিকারী সনদপত্র পোষ্যদের ক্ষেত্রে প্রার্থীর পিতা-মাতার নাগরিকত্ব সনদযুক্ত প্রমাণক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |

ঙ) ট্রেজারি চালানের মাধ্যমে পরীক্ষার ফি বাবদ কোড নং- ১-০৭৪২-০০০০-২০৩১ তে ১০০/- (একশত) টাকা জমা প্রদান করে ট্রেজারি চালানের মূল কপি (১ম) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

চ) পদের নাম ও প্রার্থীর নাম-ঠিকানা সংবলিত ১০ (দশ) টাকার ডাক টিকেট লাগানো ০১ (এক)টি ১০ × ৪.৫ ইঞ্চি একটি ফেরত খাম আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

০৭। বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র এবং ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

০৮। চাকুরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র দাখিল করতে হবে। এ ক্ষেত্রে আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

০৯। সরকারি নীতিমালা মোতাবেক মুক্তিযোদ্ধার সন্তান/মহিলা/আনসার ভিডিপি/এতিম/শারীরিক প্রতিবন্ধী/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের জন্য কোটা সংক্রান্ত সরকারি বিধিবিধান অনুসরণ করা হবে। এক্ষেত্রে প্রার্থীকে তার কোটা দাবির সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে। অন্যথায় তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে।

১০। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগ প্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল এবং তার বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নাগরিকত্ব সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ, শিক্ষাগত যোগ্যতার সনদ, কম্পিউটার পরিচালনার অভিজ্ঞতার সনদপত্র ও কোটা সম্পর্কিত প্রমাণক সনদপত্রের মূল কপি উপস্থাপন/দাখিল করতে হবে।

১২। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবীর প্রার্থীর যোগ্যতার পরিপন্থি বলে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ বা বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

১৩। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বিয়োজন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৪। কোন কারণ দর্শানো ব্যতিরেককে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তিতে প্রকাশিত পদ সংখ্যা হ্রাস বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন।

১৫। নিয়োগ সংক্রান্ত বিষয়ে ভূমি মন্ত্রণালয় হতে কোন নির্দেশনা বা পরিপত্র জারি হলে তা অনুসরণ করা হবে।

১৬। ইতিপূর্বে ০৮.০৮.২০১৭ খ্রি. তারিখের ০৫.৪৪.০১০০.০১৪.১১.০০৭.১৬-১২৮৪ নম্বর স্মারকে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী যারা আবেদন করেছেন তাদের নতুন করে আবেদনের প্রয়োজন নাই।

১৭। প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

**আ.ন.ম ফয়জুল হক**
জেলা প্রশাসক
বাগেরহাট

ডিজি-৯৬৬/২১ (১০"×৩)